

## ■■ সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউভেশন)

হাদিস নাম্বারঃ ২২৮৫

২২/ সাওম [রোযা] (১যা০ ১যা০)

পরিচ্ছেদঃ ৫০/ এ হাদীসে মুয়াবিয়া ইবন সাল্লাম ও আলী ইবনুল মুবারক (রহঃ) এর বর্ণনার বিভিন্নতা

باب ذِكْرِ اخْتِلاَفِ مُعَاوِيَةَ بْنِ سَلاَّم وَعَلِيّ بْنِ الْمُبَارَكِ فِي هَذَا الْحَدِيثِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ سُلَيْمَانَ، قَالَ حَدَّتَنَا عُبَيْدُ اللَّهِ، قَالَ أَنْبَأْنَا إِسْرَائِيلُ، عَنْ مُوسَى، \_ هُوَ ابْنُ أَبِي عَائِشَةَ \_ عَنْ غَيْلاَنَ، قَالَ خَرَجْتُ مَعَ أَبِي قِلاَبَةَ فِي سَفَرٍ فَقَرَّبَ طَعَامًا فَقُلْتُ ابْنُ أَبِي عَائِشَةً . فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَرَجَ فِي سَفَرٍ فَقَرَّبَ طَعَامًا فَقَالَ لِرَجُلٍ " ادْنُ فَاطْعَمْ " . قَالَ إِنِّي صَائِمٌ . قَالَ " إِنَّ اللَّهَ وَضَعَ عَنِ الْمُسَافِرِ نِصَفْ الصَّلاَةِ وَالصَيّامَ فِي السَّفَرِ " . فَادْنُ فَاطْعَمْ فَدَنَوْتُ فَطَعِمْتُ .

বাংলা

২২৮৫। আহমাদ ইবনু সুলায়মান (রহঃ) ... গায়লান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি একবার আবূ কিলাবা (রাঃ)-এর সাথে সফরে বের হলাম। খানা উপস্তিত করা হলে আমি বললাম, আমি তো সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করছি। তখন তিনি বললেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার সফরে বের হয়েছিলেন, তখন তার সামনে খানা উপস্থিত করা হলে তিনি এক ব্যক্তিকে বলেছিলেন, কাছে এসো এবং খাও। তখন সে ব্যক্তি বলেছিল যে, আমি তো সাওম পালন করছি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, আল্লাহু তা'আলা মুসাফিরের উপর থেকে সফরের অবস্থায় সাওম মুলতবী এবং অর্ধেক সালাত (নামায/নামাজ) রহিত করে দিয়েছেন। অতএব তুমি এসো এবং খাও। অতঃপর আমি কাছে গেলাম এবং খেলাম।

## **English**

It was narrated that Ghalian said:

"I went out with Abu Qilabah on a journey and he brought some food. I said: 'I am fasting.' He said: 'The Messenger of Allah went out on a journey and brought some food, and said to a man: Come and eat. He said: I am fasting. He said: Allah has waived for the traveler half of the prayer and fasting when



## traveling, so come and eat. So I came close and ate."'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ গাইলান ইবনু জারীর (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন